# সরকার জনমত উপেক্ষা করছে অভিযোগ জামায়াত আমিরের



জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সরকার জনগণের মতামতকে গুরুত্ব দিচ্ছে না বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তার দাবি, দেশের অধিকাংশ মানুষের মতামত উপেক্ষা করে সরকার জনবিরোধী অবস্থান নিচ্ছে। একই সঙ্গে বিএনপির প্রতিশ্রুতি ভঙ্গের কারণেও রাজনৈতিক সংকট তৈরি হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

শুক্রবার ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সেখানে তিনি জ্বালানি সংকট, শিক্ষা ব্যবস্থা ও চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে সরকারের কড়া সমালোচনা করেন।

অনলাইন শিক্ষার সিদ্ধান্ত নিয়েও আপত্তি তুলে তিনি বলেন, এতে শিক্ষার্থীদের ডিভাইস নির্ভরতা আরও বাড়বে। দ্রুত স্বাভাবিক শিক্ষা কার্যক্রম চালুর দাবি জানান তিনি।

এছাড়া দেশের অর্থনীতি ও জ্বালানি পরিস্থিতি নিয়ে সরকারের স্বচ্ছতার অভাবের অভিযোগ করে তিনি বলেন, বাস্তব অবস্থা আড়াল না করে জনগণকে সঠিক তথ্য জানানো উচিত।

রাজনৈতিক প্রসঙ্গে তিনি আরও বলেন, অধিকার আদায়ে আন্দোলন চলবে নিয়মতান্ত্রিকভাবে, তবে কোনো বিশৃঙ্খলা সৃষ্টি হলে তা কঠোরভাবে মোকাবিলা করা হবে। পাশাপাশি নিরপেক্ষ প্রশাসন নিশ্চিত করতে এবং জনগণের দাবিতে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি।